

7175 - আগেভাগে ফিতরার খাদ্য কিনে রাখা

প্রশ্ন

পাশ্চাত্যের একটি ইসলামিক সেন্টার ঈদের দশদিন আগে (উদাহরণস্বরূপ) বেশ কিছু পরিমাণ খাদ্য যেমন- চাল কিনে রাখে। এরপর মুসলমানদের কাছ থেকে ফিতরার অর্থ গ্রহণ করার ঘোষণা দেয়। এরপর তাদের পক্ষ থেকে ফিতরা বণ্টন করে থাকে। এভাবে করার কারণ হল, যদি ঈদের একদিন বা দুইদিন আগে ফিতরার অর্থ জমা নেয়া হয় তাহলে এ সময়ের মধ্যে বড় পরিমাণে খাদ্য কেনা সম্ভবপর নয়। এমতাবস্থায় এর হুকুম কী?

প্রিয় উত্তর

আমরা এ প্রশ্নটি সম্মানিত শাইখ মুহাম্মাদ বিন সালেহ আল-উছাইমীন এর কাছে পেশ করেছি। জবাবে তিনি বলেন: ইসলামিক সেন্টার আগেভাগেই খাদ্য কিনে রেখে পরবর্তীতে সেটা ফিতরা পরিশোধে আগ্রহী লোকদের কাছে বিক্রি করতে এবং শরিয়ত নির্ধারিত সময়ের মধ্যে বণ্টন করতে কোন অসুবিধা নেই।